# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 SEPTEMBER 2026** **7:45—7:55PM**

---

১) আসাম পুলিশে নতুনকরে ১৫ থেকে ২০ হাজার যুবক-যুবতীকে নিযুক্তি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা ।

২) বরাক উপত্যকা সহ রাজ্যের কয়েকটি জেলায় মাদক দ্রব্যের বিরুদ্ধে অভিযান আরো জোরদার করা হবে বলে মুখ্যমন্ত্রীর সতর্কতা ।

৩) রাজ্য নির্বাচন কমিশনের শিলচর পৌরনিগমের ৪২টি ওয়ার্ডের নির্বাচনের সময়সূচি ঘোষণা । ১১ সেপ্টেম্বর মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন , তেসরা অক্টোবর ভোট গ্রহণ , ৬ অক্টোবর ভোট গণনা ।

এবং

৪) অরোণোদয় প্রকল্পের অর্থ প্রদান ব্যবস্থা আরো বেশি সহজলভ্য করে তুলতে অরুণোদয় সারথিদের বিশেষ প্রশিক্ষণ শিবিরে মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়ার অংশ গ্রহণ ।

---

আসাম পুলিশে ১৫ থেকে ২০ হাজার নতুন যুবক-যুবতীকে নিযুক্তি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা ঘোষণা করেছেন । গোলাঘাট জেলার দেরগাওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে অনুষ্ঠিত প্রবীন পুলিশ সুপারেনটেনডেন্ট সম্মিলনের আজ প্রথম দিনের দিক্ষান্ত সমারোহে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী এ কথা জানান । তিনি বলেন যে গত ৫ বছরে আসাম পুলিশে ২১ হাজার নিযুক্তি প্রদান করা হয়েছে এবং আগামী ৫ বছরেও এই ধারাবাহিকতা অক্ষুন্ন থাকবে ।

( বাইট )

মুখ্যমন্ত্রী নতুন করে নিযুক্তি লাভ করা আসাম পুলিশের ৩২ জন সাব - ইন্সপেক্টর এবং ৩শো ৭১ জন কনষ্টেবলের জন্য আজকের দিনটি প্রাপ্তি এবং গৌরবের দিন বলে উল্লেখ করেন । তিনি বলেন যে আধুনিক নিরাপত্তা সামগ্রী এবং সাইবার নিরাপত্তা সম্পর্কে এইসব নবনিযুক্ত আধিকারি-কর্মচারীরা প্রশিক্ষণ লাভ করবেন । এই অভিজ্ঞতাই তাদের প্রযুক্তিগতভাবে সু-সজ্জিত করে তুলবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে মহিলাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধের ক্ষেত্রে সবাইকে শূন্য সহনশীল হতে হবে । তিনি বহু বিবাহ এবং বাল্য বিবাহের বিরুদ্ধে পর্যায়ক্রমে অভিযান অব্যাহত রাখতে পুলিশ সুপারদের প্রতি আহ্বান জানান
মুখ্যমন্ত্রী তার ভাষণে মাদক দ্রব্যের বিরুদ্ধে অভিযান আরো শক্তিশালী করে তোলা হবে বলে মন্তব্য করেন । আসামের ভৌগলিক অবস্থান ম্যানমার - বাংলাদেশ সীমান্ত হওয়ার জন্য মাদকদ্রব্য সরবরাহের ক্ষেত্রে আসাম সুবিধাজনক এলাকা হয়ে ওঠেছে বলেও তিনি উল্লেখ করেন । অরুণাচল প্রদেশের চাংলাং থেকে তিনসুকীয়া হয়ে মাদকদ্রব্য সরবরাহের নতুন পথ হিসেবে গড়ে ওঠেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বরাক উপত্যকা সহ তিনসুকীয়া , ডিব্রুগড় এবং শিবসাগর জেলার পুলিশ সুপারদের এ সম্পর্কে আরো কঠোর হওয়ার আহ্বান জানান ।

অনুষ্ঠানে অংশ নিয়ে আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং স্মার্ট পুলিশ এবং আদর্শ পুলিশ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে মুখ্যমন্ত্রীর শক্তিশালী পদক্ষেপের কথা উল্লেখ করেন ।

---

রাজ্য নির্বাচন কমিশন শিলচর পৌর নিগমের ৪২টি ওয়ার্ডের নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছে । আগামী তেসরা অক্টোবর সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে । কমিশনের ঘোষণা করা নির্বাচনী সময়সূচি অনুসারে মনোনয়ন পত্র দাখিলের অন্তিম তারিখ হবে আগামী ১১ই সেপ্টেম্বর । আগামী ১৪ই সেপ্টেম্বর মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে এবং মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে ১৭ই সেপ্টেম্বর । সেইদিনই প্রতিদ্বন্দী প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে । ভোটগ্রহণের দিনে কোনো অনিয়ম হলে প্রয়োজন অনুসারে আগামী ৫ই অক্টোবর সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটা পর্যন্ত পুর্নভোটগ্রহণ করা হবে । আগামী ছয়ই অক্টোবর সকাল আটটা থেকে ভোটগণনা আরম্ভ হবে এবং গণনা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত তা চলবে ।

এই নির্বাচনে মোট দুলক্ষ ৭০ হাজার ৭৭২ জন ভোটদাতা তাদের ভোটাধিকার সাব্যস্ত করবেন । এরমধ্যে একলক্ষ ২৯ হাজার ৮৭৭ জন পুরুষ এবং একলক্ষ ৪০ হাজার ৮৮৪ জন মহিলা ও ১১জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । শিলচর পৌর নিগমের ৪২টি ওয়ার্ডের মোট ৩১৬ টি ভোটগ্রহণ কেন্দ্রে নির্বাচন অনুষ্ঠিত হবে ।

সংরক্ষণ ব্যবস্থা অনুসারে নিগমের ৫, ১২, ১৮ এবং ১৯ নম্বর ওয়ার্ড তপশিলী জাতির জন্য সংরক্ষিত করা হয়েছে । অন্যদিকে ৩, ৪ এবং ১০ নম্বর ওয়ার্ড তপশিলী জাতির মহিলাদের জন্য সংরক্ষিত করা হয়েছে । ৭, ১৪, ১৫, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৮, ২৯, ৩০, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬ এবং ৪১ নম্বর ওয়ার্ড মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে । বাকি ১, ২, ৬, ৮, ৯, ১১, ১৩, ১৬, ১৭, ২৬, ২৭, ৩১, ৩৭, ৩৮, ৩৯, ৪০ এবং ৪২ নম্বর ওয়ার্ড সাধারণ প্রার্থীদের জন্য রাখা হয়েছে ।

কমিশন প্রত্যেক প্রার্থীর নির্বাচনী ব্যয়ের সর্বোচ্চ সীমা তিনলক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে । স্টার ক্যাম্পেইনারের ক্ষেত্রে স্বীকৃতিপ্রাপ্ত জাতীয় রাজনৈতিক দলগুলির সর্বাধিক কুড়িজন স্টার ক্যাম্পেইনার এবং স্বীকৃতিপ্রাপ্ত রাজ্য পর্যায়ের রাজনৈতিক দলগুলির সর্বাধিক দশজন স্টার ক্যাম্পেইনারের নাম মনোনীত করা যাবে ।

উল্লেখ্য- গত ১৫ জুলাই ফটোযুক্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছিল । ভোটগ্রহণ কেন্দ্রে ভোটারদের পরিচয় নির্ধারণের জন্য নির্বাচনী ফটো পরিচয়-পত্র প্রধান নথি হিসেবে গ্রহণ করা হবে । তবে ভোটাররা বিকল্প পরিচয় পত্র হিসেবে আধার কার্ড, এম এন রেগা জব কার্ড, ফটোযুক্ত ব্যাংক বা পোস্ট অফিসের পাসবুক, হেল্‌থ ইন্সুরেন্স কার্ড, ড্রাইভিং লাইসেন্স, পেনশন নথি ইত্যাদিকেও ভোটদানের পরিচয় পত্র হিসেবে ব্যবহার করতে পারবেন ।

এদিকে শিলচর পৌর নিগমের অর্ন্তভুক্ত অঞ্চলসমূহে তাৎক্ষণিকভাবে আদর্শ আচরণ বিধি বলবৎ করা হয়েছে । কমিশন নির্দেশ দিয়েছে যে- স্থিরভাবে স্থাপন করা অথবা চলন্ত বাহনে লাগানো লাউড স্পিকার দিয়ে রাত দশটা থেকে সকাল ছ’টা পর্যন্ত ব্যবহার করা যাবে না । আগামী পয়লা অক্টোবর বিকেল সাড়ে চারটা থেকে তেসরা অক্টোবর বিকেল সাড়ে চারটা পর্যন্ত সাইলেন্স পিরিয়ড অব্যাহত থাকবে । আসাম রাজ্য নির্বাচন কমিশন শিলচর পৌর নিগম নির্বাচন সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সকল রাজনৈতিক দল, প্রার্থী ও ভোটদাতাদের সহযোগিতা করার আহ্বান জানিয়েছে ।

---

রাজ্যের খাদ্য, গণবন্টন, আবাসন ও শহরাঞ্চল বিষয়ক এবং সমবায় বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেছেন যে- প্রযুক্তি নির্ভর নাগরিক পরিষেবা, উন্নত শহর পরিকাঠামো এবং নাগরিকদের আরো বেশি অংশগ্রহণ- এই তিনটি বিষয়ের সমন্বয়েই শিলচরে একটি আধুনিক, পরিচ্ছন্ন ও নাগরিককেন্দ্রীক শহর হিসেবে গড়ে তোলা সম্ভব । শিলচর পৌর নিগমে আজ আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই আজ শুরু হওয়া পাবলিক ফ্যাসিলিটেশন সেন্টার- (পি এফ সি), জি পি এস- ভিত্তিক পুর-যানবাহন ট্র্যাকিং ব্যবস্থা এবং কিউ আর ভিত্তিক বর্জ্য সংগ্রহ ব্যবস্থা এবং মেহেরপুরের ট্রেঞ্চিং গ্রাউন্ডে বর্জ্য শোধন প্ল্যান্টের কাজ সুষ্ঠুভাবে করার আহ্বান জানান । তিনি আরো বলেন যে- শিলচর পৌর নিগমের পরিধি সম্প্রসারণের ফলে এর আওতাধীন পরিবারের সংখ্যা প্রায় ৯৬ হাজার থেকে বেড়ে বর্তমানে একলক্ষ ১২ হাজার হয়েছে । ফলে শহরের ক্রমবর্ধমান নাগরিক চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে নাগরিক পরিষেবাকেও আরো শক্তিশালী করা এবং আধুনিক ব্যবস্থাপনা চালু করা জরুরি হয়ে পড়েছে ।

তিনি বলেন- কিউ আর ভিত্তিক বর্জ্য সংগ্রহ ব্যবস্থায় পৌর নিগমের প্রতিটি বাড়ির জন্য একটি স্বতন্ত্র্য পরিচয় ব্যবস্থা তৈরি করা সম্ভব হবে । এর মাধ্যমে পৌর কর্তৃপক্ষ বাড়িগুলির তথ্য সুনির্দিষ্টভাবে নথিভুক্ত করার পাশাপাশি বর্জ্য সংগ্রহের প্রক্রিয়াটিও আরো কার্যকরভাবে নজরদারি করা সম্ভব হবে । এছাড়া পুর কর্তৃপক্ষ সম্পত্তি কর, ট্রেড লাইসেন্স এবং জল সরবরাহ সংক্রান্ত পরিষেবার মতো গুরুত্বপূর্ণ নাগরিক পরিষেবা ও বকেয়া যথাসময়ে পরিশোধ করা হয়েছে কি না, তা-ও নজরে রাখতে পারবে ।

উল্লেখ্য- এই প্রযুক্তি ভিত্তিক ব্যবস্থাসমূহের মাধ্যমে শিলচর শহরের নাগরিক সেবাসমূহ সহজ ও আরো বেশি সংগঠিত করার পাশাপাশি স্বচ্ছতা, আবর্জনা ব্যবস্থাপনা, যানবাহনের ট্র্যাকিং ব্যবস্থার মাধ্যমে পৌর নিগমের বাহনগুলির গতিবিধি ও সেবার কাজকর্ম নিরীক্ষণ করা যাবে । আজকের এই অনুষ্ঠানে সাংসদ কণাদ পুরকায়স্থ ও সুস্মিতা দেব, বিধায়ক রাজদীপ গোয়ালা, জেলা আয়ুক্ত রাহুল গুপ্তা, পৌর আয়ুক্ত অঙ্কুর দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

গৌহাটি খানাপারার আসাম প্রশাসনীয় পদাধিকারী মহাবিদ্যালয়ে আজ অরুণোদয় সারথি কর্মশালা তথা প্রশিক্ষণের বিশেষ কার্যসূচি অনুষ্ঠিত হয় । অর্থমন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া অনুষ্ঠানে অংশ গ্রহণ করে এই কর্মশালার অরোণোদয় সারথি এবং সংশ্লিষ্ট বিভাগের

আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করেন । অরুণোদয় প্রকল্প আসামের তৃণমূল পর্যায়ে মহিলা সবলীকরণের এক অন্যতম শক্তিশালী মাধ্যম বলে তিনি উল্লেখ করেন । এই প্রকল্পের অর্থ প্রদান ব্যবস্থা অধিক সহজলভ্য করে তুলতে আজকের অরুণোদয় সারথি কর্মশালা তথা প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করে মন্ত্রী শ্রী মল্লবরুয়া এই প্রকল্পের সুবিধা তৃণমূল পর্যায়ে পৌছে দিতে সঠিকভাবে সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করতে তিনি বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন ।

আজকের এই অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে রাজ্যের অর্থ বিভাগের প্রবীন আধিকারিক এবং বিভিন্ন জেলার আয়ুক্তরাও অংশ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলচরে বিশেষ অভিযান চালিয়ে চুরি কান্ডের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দু জন ব্যাক্তিকে আটক করেছে । ধৃত ব্যাক্তিরা হচ্ছে রাহুল সরকার ও আরিফ উদ্দিন লস্কর । অভিযানে পুলিশ ধৃতদের কাছ থেকে ১৪টি মোবাইল সেট , পাঁচটি সোনার কানফুলি , পাঁচটি আংটি এবং একটি ই-রিক্সার চার্জার উদ্ধার করে ।

---------------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলা পুলিশও গতকাল গভীর রাতে শ্রীভূমি টোল গেট এলাকায় অভিযান চালিয়ে একটি গাড়ি থেকে বিপুল পরিমানের ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে । পুলিশ জানিয়েছে উদ্ধার করা ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য প্রায় ১০ কোটী টাকা হবে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গাড়ির চালক ও সহ-চালককে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা কংগ্রেসের উদ্যোগে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্য বৃদ্ধির প্রতিবাদে আজ শ্রীভূমি শহরের ইন্দিরা ভবনের সম্মূখে দু ঘন্টার ধর্না ও অবস্থান কর্মসূচী পালন করে । প্রতিবাদ কার্যসূচী থেকে নিত্য প্রয়োজনীয় সামগ্রী সহ গ্যাস সিলিন্ডারের দাম কমানোর দাবী জানানো হয়েছে । প্রতিবাদ কার্যসূচীতে জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থ কংগ্রেসের নেতা-কর্মীরা অংশ গ্রহন করেন ।

------------------------------------------------------------------------------------------

মাতৃভূমি কাপ প্রাইজামানী নক আউট ফুটবল প্রতিযোগীতার সেমি-ফাইনালে প্রবেশ করলো জামালপুর এফ সি । প্রতিযোগীতার আজকের খেলায় জামালপুর এফ সি ১-০ গোলে আয়ান এফ সি লোকনাথপুর দলকে পরাজিত করে । আজকের খেলায় জয় সূচক গোলটি করেন ডেভিড ।

স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার দ্বিতীয় কোয়াটার ফাইনালে লকেল এফ সি সপ্তগ্রাম এবং ডাইবর্লাং এফ সি জামিরখাল পরস্পরের মূখোমূখী হবে ।

-------------------------------------------------------------------------------------